

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সুগনবাগিচা, ঢাকা

## প্রেস রিলিজ

তারিখ ২৬ শে নভেম্বর, ২০০৭

সম্প্রতি কর প্রদান প্রসঙ্গে জনসাধারণের সচেতনতা বৃদ্ধি ও কর প্রদানকে একটি সামাজিক আন্দোলন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জনপ্রিয় শিল্পী, ব্যবসায়ী, ক্রীড়াবিদ, পেশাজীবী ও শিক্ষাবিদগণের অংশগ্রহণে একটি ব্যতিক্রমধর্মী টিভি বিজ্ঞাপন নির্মাণ করা হয়েছে। এতে অংশ নেন নাট্যশিল্পী আলী যাকের ও ত্রপা মজুমদার, চিত্রতারকা রিয়াজ আহমদ, কণ্ঠশিল্পী সামিনা চৌধুরী, ক্রিকেটার মোহাম্মদ আশরাফুল, বিজিএমইএ এর সাবেক সভাপতি জনাব আনিসুল হক, আইনজীবী জনাব ওজায়ের ফারুক, চিকিৎসক ডাঃ মাহবুবুর রহমান এবং শিক্ষাবিদ ডঃ সৈয়দ মঞ্জুরুল ইসলাম। উক্ত বিজ্ঞাপনচিত্র নির্মাণকাজে উল্লিখিত বিশিষ্ট ব্যক্তিত্বগণ স্বতঃস্ফূর্তভাবে এবং সৌজন্যস্বরূপ অংশগ্রহণ করেন। টিভি চ্যানেলসমূহ বিনা খরচে বিজ্ঞাপনটি প্রচার করছে।

অদ্য ২৬ শে নভেম্বর, ২০০৭ বিকাল ৪.০০ টায় জাতীয় রাজস্ব বোর্ড এর সম্মেলন কক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে উপরোক্ত বরণ্য ব্যক্তিত্ব ও টিভি সম্প্রচারকারীদেরকে ধন্যবাদ জ্ঞাপনার্থে এক শুভেচ্ছা বিনিময় সভার আয়োজন করা হয়। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল মজিদ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। বোর্ডের পক্ষে চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল মজিদ বিজ্ঞাপন নির্মাতা, অংশগ্রহণকারী সম্মানিত পেশাজীবী এবং সম্প্রচারকারীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানান এবং কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি উল্লেখ করেন যে, এনবিআর করদাতা বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে বর্তমান কর বর্ষ থেকে সার্বজনীন স্বনির্ধারণী রিটার্ন পদ্ধতি চালু করেছে। এটি একটি যুগান্তকারী পদক্ষেপ। এর ফলে যারা যথার্থ আয় ঘোষণা করবেন তাদের হয়রানীর শিকার হবার সম্ভাবনা কমে যাবে। তিনি বলেন যে, রিটার্ন দাখিলের সর্বশেষ দিন ৩০ শে নভেম্বর সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার) থাকায় সরকার করদাতাদের সুবিধার্থে পরবর্তী রবিবার অর্থাৎ ২রা ডিসেম্বর তারিখে রিটার্ন দাখিলের সুযোগ দিয়েছেন।

তিনি জানান যে, “নিজেই করি নিজের আয়কর রিটার্ন ফরম” শ্লোগানকে সামনে রেখে আয়কর রিটার্ন ফরম সহজীকরণের উদ্যোগ নেয়া হয়েছে। রিটার্ন ফরম পূরণের গাইড লাইন তৈরী করা হচ্ছে। ক্ষুদ্র সঞ্চয়কারীদের স্বার্থ রক্ষার্থে ও সঞ্চয়কে উৎসাহিত করার লক্ষ্যেই সঞ্চয়ের উপর ১,৫০,০০০/= টাকা পর্যন্ত সুদ/ মুনাফার উপর উৎসে আয়কর প্রদান থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের কর সংক্রান্ত হালনাগাদ তথ্য জনগণ যাতে তাৎক্ষণিকভাবে জানতে পারে সেজন্য এস,আর,ও সমূহ ও অন্যান্য সার্কুলার ওয়েবসাইটে দেয়া হচ্ছে। রিটার্ন ফরম পূরণের পদ্ধতিও ওয়েবসাইটে দেয়া হয়েছে। কর বিষয়ে জনসাধারণকে পরামর্শ প্রদানের জন্য নভেম্বর মাসের শুরু থেকে এনবিআর এর সেগুনবাগিচা স্থা কেন্দ্রীয় কার্যালয়সহ সকল কর কমিশনারের কার্যালয়ে হেল্পডেস্ক চালু করা হয়েছে। তিনি জানিয়ে দেন যে, সরকার কল্যাণমূলক ও সেবামূলক দানকে উৎসাহিত করার জন্য ২,৫০,০০০ টাকার স্থলে ৫,০০,০০০ টাকা পর্যন্ত দানকে করমুক্ত রাখার বিধান করেছেন। করাদাতাদেরকে রিটার্ন দাখিলের জন্য এসএমএস এর মাধ্যমে উদ্বুদ্ধ করারও পদক্ষেপ নিয়েছে এনবিআর। তিনি জানান যে, সরকারের এসব পদক্ষেপে সুফল ও অনুকূল সাড়া মিলতে শুরু করেছে। বিগত বছরের তুলনায় ৩১ শে অক্টোবর পর্যন্ত আয়কর আদায় গত বছরের তুলনায় ৪৫% বেশী।

শুভেচ্ছা বিনিময় সভায় সানন্দ প্রতিক্রিয়া প্রকাশ করে বক্তব্য রাখেন নাট্যব্যক্তিত্ব আলী যাকের, শিক্ষাবিদ ডঃ সৈয়দ মঞ্জুরুল ইসলাম, শিল্পপতি আনিসুল হক, ডাক্তার মাহবুবুর রহমান, এডভোকেট ওজায়ের ফারুক, চ্যানেল আই এর ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর এবং পরিচালক শাইখ সিরাজ। তাঁরা কর ব্যবস্থাকে মানুষের কাছে জনপ্রিয় করে তুলতে এবং পারস্পরিক আস্থা বৃদ্ধিতে জাতীয় রাজস্ব বোর্ডের সৃজনশীল উদ্যোগের প্রশংসা করেন। তাঁরা জানান সামাজিক দায়বদ্ধতার কারণে ও স্বয়ম্ভর দেশ গড়ার অনুপ্রেরণায় স্বেচ্ছায় তাঁরা এ টিভি বিজ্ঞাপনে অংশ নিয়েছেন এবং প্রচার করছেন।

মোঃ মোস্তাফা কামাল পাঠান  
জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড  
ফোন- ৯৩৪৬৮২৪ (অফিস), ৯৬৭২৯৭৫ (বাসা),  
০১৭১৫৮২১০০৩